

কুবির দায়িত্বে অধ্যাপক জাকির ছায়াদউল্লাহ

কুমিল্লা
বিশ্ববিদ্যালয়
সংবাদদাতা

০১ সেপ্টেম্বর,
২০২৪ ১৮:১১

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) উপচার্য নিয়োগপূর্বক সব প্রশাসনিক ও আর্থিক দায়িত্বসহ চলমান গুচ্ছ ভর্তি পরীক্ষার
সব কার্যক্রম পালন করবেন অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মো. জাকির ছায়াদউল্লাহ খান।

রবিবার বিশ্ববিদ্যালয়ের ডিন কাউন্সিল ও অধ্যাপকদের মধ্যকার আলোচনাসভা শেষে রেজিস্ট্রার মো. মুজিবুর রহমান
মজুমদার বিষয়টি নিশ্চিত করেছেন।

রেজিস্ট্রার বলেন, ‘শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশক্রমে আমরা আজ (রবিবার) বিশ্ববিদ্যালয়ের ডিন এবং অধ্যাপকদের
নিয়ে আলোচনার মাধ্যমে অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. মো. জাকির ছায়াদউল্লাহ খানকে দায়িত্ব দেওয়া হয়েছে।
তিনি বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের অনুপস্থিতিতে সার্বিক বিষয়গুলো দেখবেন।

,

তিনি আরো বলেন, ‘বিশ্ববিদ্যালয়ের চলমান সব কাজ তিনি দেখবেন। চলমান গুচ্ছ ভর্তি পরীক্ষা, বেতন-ভাতা,
সরকারি গবেষণার অগ্রগতি, সেমিস্টার ফাইনালের রেজাল্টশিটে স্বাক্ষরসহ যাবতীয় কাজ ড. মো. জাকির ছায়াদউল্লাহ
খান করতে পারবেন।